



## রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

প্রধান কার্যালয়, রাজশাহী  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

ফোন নং : ০২৪৭৮৬০০৫৪  
ই-মেইল : dgmiict@rakub.org.bd

প্রকা/আইসিটিবি-৬৪/২০১৯-২০২০/ ০২৪(২০)

তারিখ : ০৬-০২-২০২০

সকল জোনাল ব্যবস্থাপক  
সহকারী মহাব্যবস্থাপক (উপ-মহাব্যবস্থাপকের দায়িত্বে)  
ঢাকা কর্পোরেট শাখা/স্থানীয় মুখ্য কার্যালয়।  
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

বিষয় : Bangladesh Automatic Clearing House (BACH) কার্যক্রম পরিচালনা প্রসংগে।

প্রিয় মহোদয়


রাকাবের নিজস্ব ব্যবস্থাপনায় বাংলাদেশ ব্যাংকের Member হিসেবে গত ২৪.১০.২০১৯ তারিখে প্রাথমিকভাবে ব্যাংকের ৪টি শাখায় (এলপিও, ঢাকা কর্পোরেট শাখা, বগুড়া কর্পোরেট শাখা ও রংপুর কর্পোরেট শাখা) Upgraded BACH সিস্টেম এর Go Live চালু করা হয়। বর্তমানে ব্যাংকের সকল জেলাশহর শাখাসহ নির্বাচিত ২৫টি শাখায় BACH কার্যক্রমের এর live Operation পরিচালিত হচ্ছে।

২.০। BACH এর দুটি Component: Cheque Processing System (CPS) ও Electronic Fund Transfer (EFT) এর কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে নিম্নোক্ত নির্দেশনা পরিপালন করার জন্য অনুরোধ করা হলো :

- (ক) Cheque Processing System (CPS) এ Outward কার্যক্রম শুরুর পূর্বে চেকের উভয়পাশে যথাযথভাবে Endorsement সম্পন্ন করতে হবে;
- (খ) Cheque Clearing এর জন্য উপস্থাপিত চেকের বিস্তারিত বিবরণ শাখায় রক্ষিত রেজিস্টারে এন্ট্রি দিতে হবে; Electronic Fund Transfer (EFT) এর Debit ও Credit এর ক্ষেত্রে Instruction Type উল্লেখ করে রেজিস্টারে এন্ট্রি দিতে হবে;
- (গ) CPS সিস্টেমে Outward ও Inward কার্যক্রম সম্পাদনের সময় Branch এর Drop Down List হতে নিজস্ব শাখা নির্বাচন করে নিতে হবে;
- (ঘ) দৈনিক লেনদেনের উপর ভিত্তি করে দিন শেষে বাংলাদেশ ব্যাংক হতে প্রাপ্ত Settlement Report অনুযায়ী ভাউচার করতে হবে; প্রতিদিনের Transaction এর ধরণ অনুযায়ী Report প্রিন্ট করে ভাউচারে সংযুক্ত করতে হবে, যেমন- Settlement Report, Outward Honored Report, Inward Honored Report, Outward Dishonored Report, Inward Dishonored Report, BACH Charge Report ইত্যাদি;
- (ঙ) Inward কার্যক্রমের জন্য চেকের প্রিন্ট কপি নিতে হবে এবং চেক পরিশোধযোগ্য কিনা তা নিশ্চিত করতে হবে; পরিশোধযোগ্য না হলে Dishonor করতে হবে; যাচাই কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করার সুবিধার্থে দুপুর ১.০০ টার পরে Inward কার্যক্রম শুরু করা যেতে পারে;
- (চ) User ID এবং Password গোপনীয়ভাবে সংরক্ষণ করতে হবে। নিরাপত্তার সার্থে আইসিটি বিভাগ হতে সরবরাহকৃত Password পরিবর্তন করে নিতে হবে;
- (ছ) BACH এর মাধ্যমে লেনদেনের বৃদ্ধি করার লক্ষ্যে প্রতিটি শাখায় MICR চেক, ডিডি, পেমেন্ট অর্ডার ইস্যু করতে হবে; শাখায় MICR Cheque Clearing এবং Electronic Fund Transfer করা হয় মর্মে প্রচার করতে হবে;
- (জ) CPS এবং EFT সিস্টেমের Message Box প্রতিনিয়ত চেক করতে হবে;
- (ঝ) Stop Payment সহ অন্যান্য নির্দেশনা প্রাপ্তির জন্য শাখার e-mail নিয়মিত চেক করতে হবে;
- (ঞ) Cheque Processing System (CPS) এর জন্য <http://10.240.43.5:400/> এবং Electronic Fund Transfer (EFT) এর জন্য <http://10.240.43.5:200/> URL ব্যবহার করতে হবে;
- (ট) BACH কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে শাখা নিয়ন্ত্রণ বিভাগের ১২.০৩.২০১৩ তারিখের প্রকা/শানিবি-১৩৪/২০১২-১৩/৯৩৭(৩৯২) নং পত্র এবং ২২.১০.২০১৯ তারিখের প্রকা/শানিবি-১৫০/২০১৮-২০১৯/৫৭৫(৪০০) নং পত্রের নির্দেশনা যথাযথভাবে পরিপালন করতে হবে।

৩.০। উল্লেখ্য, Core Banking Solution (CBS) বাস্তবায়নের পাশাপাশি পর্যায়ক্রমে সকল শাখা BACH এর আওতাভুক্ত হবে।

আপনার বিশ্বস্ত

  
০৬.০২.২০২০

(মোঃ আবুল কালাম)  
উপ-মহাব্যবস্থাপক

প্রকা/আইসিটিবি-৬৪/২০১৯-২০২০/ ০২৪(২০)/৬৫৬

তারিখ : ০৬.০২.২০২০

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ০১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন) মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৪। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
- ০৫। সকল শাখা ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ০৬। অফিস নথি।

*Haque*

০৬/০২/২০২০

(মোঃ নাজবুল হক)

সিনিয়র মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার (সমব্য)